# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 16-07-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) কৃষিক্ষেত্রে উৎপাদন বাড়ানোর লক্ষ্যে প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনা প্রকল্প অনুমোদন করেছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

২) স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও বিধিকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা আবেদনগুলি কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ আজ খারিজ করে দিয়েছে।

১৫ বছর পর মাদ্রাসা সার্ভিস কমিশনের গ্রুপ ডি কর্মী নিয়োগে ছাড়পত্র দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) বাংলা ভাষায় কথা বলার অপরাধে পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিকরা বিভিন্ন রাজ্যে হেনস্থার শিকার হচ্ছেন বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

৪) রাজ্যে রোহিঙ্গা মুক্ত ভোটার তালিকা তৈরির দাবি জানিয়েছে বিজেপি।

৫) ডিভিসি-র বিভিন্ন বাঁধ থেকে জল ছাড়ার পরিমাণ বৃদ্ধি পাওয়ায় রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

৬) কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ২-১ গোলে কালিঘাট মিলন সংঘকে হারিয়ে দিয়েছে।

---

কৃষিক্ষেত্রে উৎপাদন বাড়ানোর লক্ষ্যে প্রধানমন্ত্রী ধনধান্য কৃষি যোজনা প্রকল্প অনুমোদন করেছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। ফসল উৎপাদনে বৈচিত্র্য আনতে, কৃষিকাজ সংক্রান্ত সুঅভ্যাস বজায় রাখতে, ফসল কাটার পর তা সংরক্ষণ, সেচ ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি লক্ষ্যেই এই প্রকল্প আনা হয়েছে।

নতুন দিল্লীতে আজ মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেন, কম উৎপাদন, কম ফসল চাষ এবং যে গ্রামের কৃষকরা কম ঋণ পান - এই তিনটি সূচকের ওপর ভিত্তি করে একশোটি জেলাকে এই যোজনার আওতায় আনা হবে।

বাইট

---

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তি ও বিধিকে চ্যালেঞ্জ জানিয়ে দায়ের করা আবেদনগুলি আজ খারিজ করে দিয়েছেন কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছেন, এসএসসির নিয়োগ প্রক্রিয়ায় কোনোরকম হস্তক্ষেপ করা হবে না। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---

বাংলা ভাষায় কথা বলার অপরাধে পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিকদের বিভিন্ন রাজ্যে হেনস্থার শিকার হচ্ছেন বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। আজ কলেজ স্কোয়ার থেকে ধর্মতলার ডোরিনা ক্রসিং পর্যন্ত পদযাত্রার শেষে এক জনসভায় বাংলা বিরোধিতা ইস্যুতে বিজেপির প্রতি তিনি তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তৃণমূল কংগ্রেস নেত্রী অভিযোগ করেন, বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষায় কথা বললেই নাগরিকদের বাংলাদেশি বা রোহিঙ্গা বলে তুলে নিয়ে যাওয়া হচ্ছে।

বাইট মমতা

পুরুলিয়া শহরেও বাঙালী নিপীড়নের প্রতিবাদে মহামিছিল করেছে তৃণমূল কংগ্রেস। জুবিলি প্রাঙ্গন থেকে শুরু হওয়া এই মিছিলে অংশ নেন রাজ্যের বন মন্ত্রী বীরবাহা হাঁসদা। পশ্চিমাঞ্চল উন্নয়ন মন্ত্রী সন্ধ্যারানী টুডু প্রমুখ।

বর্ধমানেও আয়োজিত হয় মিছিল।

এদিকে, বিজেপি শাসিত রাজ্যে বাঙালিদের হেনস্তার প্রতিবাদে তৃণমূল কংগ্রেসের মিছিল পুরোপুরি লোক দেখানো বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, মুখ্যমন্ত্রী যখনই বিপদে পড়েন তখনই বাঙালি মন্ত্র জপ করেন।

বাইট সুকান্ত

-----------------------

একাধিক রাজ্যে বাঙালি হেনস্তায় উদ্বেগ প্রকাশ করে কলকাতা হাই কোর্ট আগামী ৬ অগাস্ট এ বিষয়ে কেন্দ্রকে রিপোর্ট জমা দিতে বলেছে। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি ঋতব্রতকুমার মিত্রের ডিভিশন বেঞ্চ আজ বিষয়টির শুনানি চলাকালীন পর্যবেক্ষনে হঠাৎ করে কেন দেশের বিভিন্ন রাজ্যে বাংলাদেশি শনাক্ত করার কাজ শুরু হল এবং এর জন্য কেন জুন মাসকেই বেছে নেওয়া হল তা জানতে চান।

অন্যদিকে ওড়িশায় আটক দুজনকে ইতিমধ্যে ছেড়ে দেওয়া হয়েছে বলে ওড়িশার মুখ্যসচিব আদালতে জানিয়েছেন। তবে এদিন জরুরি কাজ থাকায় তিনি আদালতের শুনানিতে হাজির থাকতে পারেন নি। সেই জন্য ২৩শে জুলাই ওড়িশার আটক বাংলাভাষী সংক্রান্ত মামলার শুনানি রাখা হয়েছে।

------------------------

বাঙালী বিদ্বেষের অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেসের মিছিলকে কটাক্ষ করেছেন আইএসএফ বিধায়ক নৌশাদ সিদ্দিকি। দেশের অন্যান্য রাজ্যে এধরনের ঘটনা ঘটলেও তার প্রতিবাদ মিছিল বাংলায় কেন হচ্ছে, সেই প্রশ্ন তোলেন তিনি।

------------------------

মালদার চাঁচোল ১ ব্লকের বেলপুকুরের ৬ জন পরিযায়ী শ্রমিককে পঞ্জাবের লুধিয়ানায় গ্রেফতার হয়েছেন। তাদের বিরুদ্ধে পশুহত্যা সহ তিনটি ধারায় মামলা রুজু হয়েছে বলে শ্রম দপ্তর সূত্রে খবর। অবিলম্বে ঐ শ্রমিকদের ফিরিয়ে আনার দাবিতে জেলা প্রসাশনের দ্বারস্থ হয়েছেন পরিবারের সদস্যরা।

উল্লেখ্য, বেলপুকুরের বাসিন্দা জাকির হোসেন,রাইহান আলম,কুরবান আলি,আজম আলি,মিনজার আলি ও মুক্তার আলম লুধিয়ানায় একটি হোটেলে কাজে গিয়েছিলেন।

------------------------

বিজেপি রাজ্যে রোহিঙ্গা অনুপ্রবেশকারী মুক্ত ভোটার তালিকা তৈরির দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল আজ এই দাবিতে বিধানসভা থেকে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর পর্যন্ত মিছিল করে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা অভিযোগ করেন, মমতা ব্যানার্জি

রোহিঙ্গাদের আশ্রয় দিচ্ছেন, তাদের আধার কার্ড ও সচিত্র ভোটার পরিচয় পত্র তৈরি করে দিয়েছেন তিনি।

বাইট

তাই বিহারের মতো এরাজ্যেও ভোটার তালিকা থেকে রোহিঙ্গা মুসলমানদের নাম বাদ দিতে হবে। শ্রী অধিকারী জানান, বিজেপি কোন ভারতীয়র বিরুদ্ধে নয়। তবে ভোটার তালিকায় রোহিঙ্গাদের নাম রাখতে দেওয়া হবে না। এক প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, মুখ্যমন্ত্রী আজ রোহিঙ্গাদের স্বপক্ষে পথে হাঁটছেন।

------------------------

শিলিগুড়ির নকশাল বাড়িতে অবৈধ অনুপ্রবেশের অভিযোগে এক বাংলাদেশীকে আটক করেছে সীমা সুরক্ষা বল এসএসবি। পরিচয় গোপন করে আধার কার্ড বানিয়ে সুকুমার চন্দ্র শীল নামে ঐ যুবক ভারতে বসবাস করছিল। তাকে নকশালবাড়ি থানার হাতে তুলে দেওয়া হয়। ধৃতের কাছ থেকে বাংলাদেশী পরিচয়পত্র এবং ভারতীয় আধার কার্ড উদ্ধার হয়েছে।

------------------------

দামোদর ভ্যালি কর্পোরেশন - ডিভিসি তাদের বিভিন্ন বাঁধ থেকে জল ছাড়ার পরিমাণ আজ আরও বাড়িয়েছে। এর ফলে রাজ্যের একাধিক জেলায়, বিশেষ করে দক্ষিণবঙ্গে, বন্যা পরিস্থিতি আরও জটিল হয়ে উঠতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। যদিও ডিভিসি-র দাবি, ঝাড়খন্ড ও উচ্চ দামোদর অববাহিকায় নদীগুলোতে জলস্তর বাড়ার কারণেই জল ছাড়ার পরিমাণ বেড়েছে।

বর্তমানে পাঞ্চেত ড্যাম থেকে ৩৭ হাজার কিউসেক এবং মাইথন থেকে ১৮ হাজার কিউসেক জল ছাড়া হচ্ছে। অর্থাৎ দুই বাঁধ মিলিয়ে মোট ৫৫ হাজার কিউসেক জল রাজ্যের দিকে আসছে। এই অতিরিক্ত জল ছাড়ার ফলে হাওড়া, হুগলি, দুই বর্ধমান, পশ্চিম মেদিনীপুর সহ একাধিক জেলার নদী ও খাল বিলের জলস্তর দ্রুত বাড়ছে। পাশাপাশি দামোদর অববাহিকার অন্যান্য এলাকাতেও নতুন করে বন্যা পরিস্থিতি সৃষ্টির আশঙ্কা তৈরি হয়েছে।

এদিকে সেচ দপ্তরের পশ্চিমাঞ্চলের দায়িত্বপ্রাপ্ত মুখ্য বাস্তুকার আজ ইমেইলের মাধ্যমে চিঠি দিয়ে জল ছাড়ার ফলে রাজ্যের ক্ষয়ক্ষতির দায় ডিভিসিকে নিতে হবে বলে জানিয়ে দিয়েছে।

------------------------

গঙ্গার জল বাড়তে না বাড়তেই ফের ভাঙন শুরু হয়েছে মালদার মানিকচকের জোতপাট্টা এলাকায়। গত কয়েক দিন ধরে ভাঙন চললেও, তা রোধে প্রশাসনিক কোন তৎপরতা দেখতে না পাওয়ায় ক্ষোভে ফুঁসছেন এলাকার বাসিন্দারা।

------------------------

পুরুলিয়া , কাঁথি হয়ে উত্তর পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত মৌসুমী অক্ষরেখা বিস্তৃত থাকায় আজ পুরুলিয়া বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় মাঝারি থেকে ভারী বৃষ্টির হলুদ সর্তকতা জারি হয়েছে। উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় বলেছেন, ১৯ তারিখ থেকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে।

------------------------

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রক, কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিকে সেন্টার অফ এক্সেলেন্সের মর্যাদা দিতে উদ্যোগ নেবে। কলকাতায় আজ এই প্রতিষ্ঠানের একটি ছাত্রাবাসের উদ্বোধন করে আয়ুষ মন্ত্রকের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব একথা জানিয়েছেন। তিনি বলেন, এর জন্য মন্ত্রকের তরফে সব ধরনের সহায়তা করা হবে। এই মর্যাদা পেলে প্রতিষ্ঠানে বিভিন্ন গবেষণা ও রোগ নির্ণয়ের ব্যবস্থার উন্নতি হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাইট

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার,

------------------------

নিক্কোপার্কে ওয়াটার রাইড করতে গিয়ে এক তরুণের মৃত্যু হয়েছে। আজ দুপুরে রাহুল দাস নামে মুরারি পুকুরের বাসিন্দা ঐ তরুণ কয়েকজন বন্ধুর সঙ্গে নিক্কোপার্কে যায়। পুলের সামনে দাঁড়িয়ে থাকার সময় অচেতন হয়ে পড়ে রাহুল। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। দেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

------------------------

কল্যাণী স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ২-১ গোলে কালীঘাট মিলন সংঘকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে পাসাং দর্জি তামাং ও করণ রাই , কাস্টমসের বাতাস মুর্মু গোল করেছেন।

উলুবেড়িয়ায় মেসারাস ক্লাব ২-১ গোলে ক্যালকাটা কাস্টমসকে পরাজিত করেছে।

------------------------ ------------------------